

ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট এন্ড পেমেন্ট সিস্টেমস

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

ডিসিএমপিএস সার্কুলার নং — ১০/২০১০

তারিখ : ১৪ সেপ্টেম্বর, ২০১০
৩০ ভাদ্র, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম (BACPS) এর অবিরত Go Live কার্যক্রম শুরু করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ৭ অক্টোবর ২০১০ হতে ঢাকা ক্লিয়ারিং হাউসের আওতাভুক্ত ব্যাংক শাখাসমূহে বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম এর অবিরত Go Live কার্যক্রম শুরু হবে, এই লক্ষ্যে ঐ দিন হতে মতিঝিলস্থ 'ঢাকা ব্যাংকার্স ক্লিয়ারিং হাউস' এর কার্যক্রম বন্ধ হয়ে যাবে। অবিরত কার্যক্রম শুরুর পূর্ব প্রস্তুতি হিসাবে ১৯-২৩ সেপ্টেম্বর ২০১০ মেয়াদে High Value এবং Regular Value উভয় ধরনের নিকাশের জন্য Live Day Simulation (LDS) এর দিন ধার্য করা হয়েছে।

উল্লেখ্য যে, ৭ অক্টোবরের পর বাজারে কোন Non-MICR ইন্সট্রুমেন্ট থেকে গেলে উক্ত ইন্সট্রুমেন্ট সমূহের বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে তাদের নিকাশ পদ্ধতি নির্ধারিত হবে অর্থাৎ ইন্সট্রুমেন্ট সমূহ Image Friendly হলে সেক্ষেত্রে ইন্সট্রুমেন্টের তথ্যগুলো Key-in করে অটোমেটেড ক্লিয়ারিং হাউসে নিকাশের নিমিত্তে উপস্থাপন করা যাবে। অপরদিকে ইন্সট্রুমেন্ট সমূহ Image Friendly না হলে সে সকল ইন্সট্রুমেন্ট অটোমেটেড ক্লিয়ারিং হাউসের পরিধির বাইরে পরিশোধের জন্য Presenting Bank এবং Paying Bank-কে ওয়ান টু ওয়ান ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করতে হবে। অনুরূপভাবে বাংলাদেশ সরকার কর্তৃক ইস্যুকৃত কোন Non-MICR ইন্সট্রুমেন্ট প্রচলনে থাকলে তা পরিশোধের জন্য বাংলাদেশ ব্যাংক, মতিঝিল অফিসের পিএডি (পেমেন্ট) শাখায় একটি বিশেষ কাউন্টার খোলা থাকবে।

বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেমের অবিরত কার্যক্রমে আপনাদের ব্যাংকের সফল অংশগ্রহণ এবং এর প্রস্তুতি হিসাবে LDS-এ অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

অনুগ্রহ পূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(জিন্নাতুল বাকিয়া)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৭১২০৩৭২